অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অক্ষমতাসহ SUNY শিক্ষার্থীদের সমর্থন বৃদ্ধি করতে 10 মিলিয়ন মার্কিন ডলার বার্ষিক বিনিয়োগের প্রভাব ঘোষণা করলেন

SUNY এর স্টেট পরিচালিত ক্যাম্পাসসমূহে এই বছরের ঐতিহাসিক 163 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির মাধ্যমে তহবিল বরাদ্দ করা হয়েছে

ক্যাম্পাস উদ্যোগসমূহের রূপরেখা প্রদানকারী ফ্যাক্টশিট এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে কীভাবে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসসমূহ অক্ষমতা সনাক্ত করা হয়েছে এমন শিক্ষার্থীদের সমর্থন করার জন্য প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার বার্ষিক স্টেট তহবিল বিনিয়োগ করছে। SUNY এর স্টেট পরিচালিত ক্যাম্পাসসমূহে সরাসরি পরিচালনা সহায়তা প্রদান করার জন্য এই বছরের ঐতিহাসিক 163 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির মাধ্যমে এই তহবিল নিশ্চিত হয়েছে।

"আমরা অন্তর্ভুক্তির পক্ষে কথা বলছি এবং প্রত্যেক শিক্ষার্থীর যাতে নিউ ইয়র্কে এবং SUNY তে সমৃদ্ধি করার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আমাদের প্রতিশ্রুতির ক্ষেত্রে একটি মাইলফলককে চিহ্নিত করছি," **গভর্নর হোকল বলেন।** "ঐতিহাসিক এই তহবিলটি এমন একটি শিক্ষা পরিবেশ তৈরিতে আমাদের নিবেদনকে তুলে ধরে যেখানে সকলেই তাদের স্বপ্ন সত্যি করার এবং সাফল্য অর্জন করার চেষ্টা করতে পারবে। একত্রে আমরা এমন একটি ভবিষ্যৎ গঠন করছি যেখানে বৈচিত্র্যকে শুধু স্বীকৃতি দেওয়া হবে না, বরং উদযাপন করা হবে, এবং যেখানে প্রত্যেক ব্যক্তির সম্ভাবনাকে স্বীকৃতি প্রদান ও পালন করা হয়।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান অক্ষমতা কর্মকর্তা কিম হিল রিডলি বলেন, "আমাদের অক্ষমতাসহ কলেজ শিক্ষার্থীরা যাতে আগামী দিনের অত্যন্ত যোগ্যতাসম্পন্ন চাকরিজীবী হয়ে উঠতে পারে তার জন্য তাদেরকে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জাম প্রদান করা প্রয়োজন। যেহেতু অক্ষমতাসহ ব্যক্তিদের চাকরি পাওয়ার হার তাদের অক্ষমতাবিহীন পিয়ারদের তুলনায় অনেক কম, তাই নিউ ইয়র্কের অক্ষমতা সম্প্রদায়ে চাকরির হার উল্লেখজনকভাবে উন্নত করার প্রয়াসে গভর্নর অন্যান্য যেসকল উদ্যোগ শুরু করেছেন তার সাথে এই বিনিয়োগটি সামঞ্জস্যপূর্ণ। এটি একটি উল্লেখজনক বিজয়!"

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র SUNY অপটোমেট্রি কলেজ (SUNY College of Optometry) পরিদর্শন করেন, যেখানে তিনি ক্লিনিক্যাল ভিশন গবেষণা কেন্দ্রের (Clinical Vision Research Center) বর্তমান ও সম্ভাব্য শিক্ষার্থী ও গবেষকদের সাথে দেখা করেন। SUNY অপটোমেট্রি এর 250,000 মার্কিন ডলার তহবিল ব্যবহার করে একটি শিক্ষা দান ও গ্রহণ কেন্দ্র (Center for Teaching and Learning) স্থাপন করার মাধ্যমে অক্ষমতাসহ শিক্ষার্থীদের সমর্থনকে অর্থে যায়, যেখানে অক্ষমতা/অ্যাক্সেসিবিলিটি সেবা অফিস (Office of Disability/Accessibility Services) থাকবে। কেন্দ্রের মাধ্যমে, SUNY অপটোমেট্রি একটি কৌশল গঠনে অক্ষমতাসহ শিক্ষার্থীদের সহায়তা করার জন্য একজন শিক্ষা বিশেষজ্ঞকে নিয়োগ দিবে, যাতে করে তাদের বিশেষ শিক্ষা প্রোফাইলকে সেরা উপায়ে সমর্থন করা যায় এবং এমন শিক্ষার্থীদের জন্য অন্তর্ভুক্তিকর শিক্ষাদানের পন্থা গ্রহণ করতে অনুষদকে সহায়তা করা যায়।

SUNY চ্যান্সেলর কিং বলেন, "শিক্ষার্থীদের সাফল্য এবং বৈচিত্র্য, সমতা, ও অন্তর্ভুক্তিতে SUNY প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে রয়েছে অক্ষমতাসহ শিক্ষার্থীদের জন্য আমাদের ক্যাম্পাসসমূহে স্বাগত ও সমর্থক পরিবেশ নিশ্চিত করা। 2023-24 এর SUNY পরিচালনা বাজেটে গভর্নর হোকল এবং আইনসভার ঐতিহাসিক বিনিয়োগের কারণে, আরো বেশি কোর্স অ্যাক্সেসিবিলিটি প্রদান, অনুষদের পেশাদার বিকাশ, এবং হাই স্কুল থেকে কলেজ থেকে ক্যারিয়ার পর্যন্ত স্থানান্তরে তাদের সাহায্য করার মাধ্যমে অক্ষমতাসহ শিক্ষার্থীদের জন্য সমর্থন বৃদ্ধি করতে স্টেট পরিচালিত ক্যাম্পাসগুলিকে সমর্থন করার জন্য SUNY প্রথমবারের মতো বার্ষিক প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার টেকসই তহবিলে বিনিয়োগ করতে পারছে।"

স্টেটের সিনেটর টবি অ্যান স্টাভিস্কি বলেন, "শেখার, বিকাশের এবং উন্নত ভবিষ্যৎ সম্ভাবনার জন্য অন্যান্য সকল শিক্ষার্থীর মতো একই সুযোগ SUNY এর স্টেট পরিচালিত ক্যাম্পাসসমূহের শিক্ষার্থীদের প্রাপ্য। অক্ষমতা নিয়ে বেঁচে থাকা শিক্ষার্থীদের কাছে যাতে শিক্ষা সংক্রান্ত অভিজ্ঞতা সম্পূর্ণ করার ক্ষেত্রে তাদের পিয়ারদের মতো একটি সুযোগ থাকে তা নিশ্চিত করতে এই তহবিল অনেক সাহায্য করবে। তহবিলটি 30,000 এর বেশি SUNY শিক্ষার্থীর জন্য যারা এর দ্বারা উপকৃত হবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের ক্যাম্পাসসমূহে সমতাকেন্দ্রিক উদ্ভাবনী বিনিয়োগ অগ্রসর করার ক্ষেত্রে SUNY অগ্রগামী পথ আলোকিত করে যাচ্ছে। এই 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি অক্ষমতাসহ শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধকতা প্রশমন করবে এবং সমর্থন প্রদান করবে, নতুন অ্যাক্সেসিবিলিটি প্রযুক্তি ও সরঞ্জাম ক্রয়ে সহায়তা করবে, নতুন ভৌত স্থান প্রদান করবে, এবং শিক্ষার্থীদের আরো নিরবিচ্ছিন্নভাবে হাই স্কুল থেকে কলেজে স্থানান্তর করতে সাহায্য করবে। আমাদের পরিচালনা সহায়তা হিসেবে গত বছর নিশ্চিত করা 163 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্কের শিক্ষার্থী এবং ক্যাম্পাসসমূহের জন্য লভ্যাংশ প্রদান করছে, এবং SUNY এর জন্য চ্যান্সেলর জন কিংয়ের ভিশনের আমি প্রশংসা করছি, যেখানে প্রত্যেক শিক্ষার্থীর সফল হওয়ার এবং উচ্চতর শিক্ষা অর্জনে নিজেদের স্বপ্ন পূরণে একটি সুযোগ থাকবে।"

SUNY অপটোমেট্রি প্রেসিডেন্ট ডেভিড এ. হিথ বলেন, "কলেজকে প্রদত্ত নতুন বর্ধিত তহবিল পেয়ে আমরা অত্যন্ত কৃতজ্ঞ। এই তহবিলগুলি আমাদেরকে শুধু আমাদের অক্ষমতা ও মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারিত করতে দিবে না, বরং সকল শিক্ষার্থীর সুস্থতার চেতনা এবং তাদের শিক্ষার সর্বোচ্চ প্রয়োগের ক্ষমতাকে উন্নত করবে। পরিণামে, তারা যেই সম্প্রদায়ের জন্য কাজ করে সেখানে তাদের প্রদত্ত স্বাস্থ্যসেবা অভিজ্ঞতা বলীয়ান করতে এটি তাদরে সাহায্য করবে।"

অন্যান্য SUNY ক্যাম্পাসসমূহ অক্ষমতা সনাক্ত করা শিক্ষার্থীদের জন্য বিভিন্ন উপায়ে সেবা সম্প্রসারণ করতে স্টেটের প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের তাদের অংশ ব্যবহার করছে, যেমন:

- 29টি স্টেট পরিচালিত ক্যাম্পাসের প্রতিটি প্রতিবন্ধকতা প্রশমন করতে এবং অক্ষমতাসহ শিক্ষার্থীদের সমর্থন করতে কর্মী নিয়োগ করবে, যার মধ্যে থাকবে অক্ষমতা সেবা সমন্বয়কারী, শিক্ষা বিশেষজ্ঞ, শারীরিক অ্যাক্সেসিবিলিটি বিশেষজ্ঞ, এবং ইলেক্ট্রনিক তথ্য প্রযুক্তি (electronic information technology, EIT) অ্যাক্সেসিবিলিটি কর্মকর্তা।
- কমপক্ষে 25টি ক্যাম্পাস শিক্ষার্থী ও অনুষদের ব্যবহারের জন্য নতুন অ্যাক্সেসিবিলিটি প্রযুক্তি ও সরঞ্জাম ক্রয় করবে যাতে শিক্ষার্থীদের ডিজিটাল কোর্স ও উপস্থিত থেকে কোর্সের বিষয়বস্তুর অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করা যায়।
- কমপক্ষে 24টি ক্যাম্পাস ক্যাম্পাসের ভৌত স্থানসমূহকে অক্ষমতাসহ শিক্ষার্থীর জন্য আরো অ্যাক্সেসিবল করতে এর উন্নয়নকাজে বিনিয়োগ করবে।
- কমপক্ষে 21টি ক্যাম্পাস অনুষদকে অক্ষমতাসহ শিক্ষার্থীদের সমর্থন করার মতো বিষয়ে পেশাদারি বিকাশে সাহায্য করবে।
- কমপক্ষে 8টি কর্মসূচি অক্ষমতাসহ শিক্ষার্থীদের হাই স্কুল থেকে কলেজের চাহিদাতে স্থানান্তর করার সমর্থনে সাহায্য করতে গ্রীষ্মকালীন স্থানান্তর কর্মসূচি তৈরি করছে।
- কমপক্ষে 11টি ক্যাম্পাস অক্ষমতাসহ শিক্ষার্থীদের জন্য অন্যান্য শিক্ষার্থী কেন্দ্রিক সমর্থনের অর্থায়ন করতে তহবিল ব্যবহার করছে।

ক্যাম্পাসের উদ্যোগসমূহের রূপরেখা প্রদান করা একটি ফ্যাক্টশিট এখানে উপলভ্য আছে।

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) প্রতিবেদন করা ডেটা অনুযায়ী, 30,000 এর বেশি SUNY শিক্ষার্থীর একটি অক্ষমতা রয়েছে বলে জানা গেছে, যার অর্থ স্টেটের অক্ষমতা সনাক্ত করা হয়েছে এমন কলেজ শিক্ষার্থীদের 39 শতাংশ একটি SUNY প্রতিষ্ঠানে পড়াশোনা করে। কিন্তু জাতীয় শিক্ষা পরিসংখ্যান কেন্দ্রের (National Center for Education Statistics, NCES) একটি বিশ্লেষণ অনুযায়ী, কলেজে অক্ষমতা থাকা শিক্ষার্থীদের মাত্র 37 শতাংশ কলেজে থাকা অবস্থায় তা প্রকাশ করেছে। NCES দেখেছে যে অক্ষমতা আছে বলে স্বীকার করা শিক্ষার্থীদের প্রতিকারমূলক কোর্সে স্থাপন করা এবং একাডেমিক সেবা ব্যবহার করার সম্ভাবনা তুলনামূলকভাবে বেশি।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

2023 সালে এর 75তম বর্ষপূর্তি পালন করা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, দেশের সবচেয়ে পুরাতন মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের একটি জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে www.suny.edu ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন